



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১১০.৫৭.১৪৯.২০১৮(অংশ-২)/ ৩৮

তারিখ: ২৫/০১/২০২১ খ্রি.

বিষয়: 'কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম' এর আওতায় আয়রন ফলিক এসিড (IFA) ট্যাবলেট সংগ্রহ ও সংরক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারা দেশে কিশোর-কিশোরীদের পুষ্টি কার্যক্রম নিশ্চিত করতে Adolescent Nutrition Training অ্যাবস এর মাধ্যমে প্রায় লক্ষাধিক শিক্ষক-কর্মকর্তাগণকে পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যাতে বিদ্যালয় পর্যায়ে পুষ্টি কার্যক্রমটি সঠিকভাবে পরিচালনা করা যায়। স্বাস্থ্য অধিদপ্তরের সহযোগিতায় (স্মারক নং: আইপিএইচএন/এনএনএস/১৯৮/২০২১/৩০, তারিখ: ১২/০১/২০২১) কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষে দেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের মেয়ে শিক্ষার্থীদের আয়রন ফলিক এসিড ট্যাবলেট প্রতি সপ্তাহে ১টি করে খাওয়ানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ তাঁর নিজ নিজ উপজেলা/থানার প্রত্যেক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলের মেয়ে শিক্ষার্থীদের তালিকা সংগ্রহ করে চাহিদা মোতাবেক আগামী ৪ ফেব্রুয়ারী ২০২১ এর মধ্যে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় থেকে আয়রন ফলিক এসিড সংগ্রহ করে সংরক্ষণ করবেন। আয়রন ফলিক এসিড ট্যাবলেট সংগ্রহের বিষয়ে জেলা শিক্ষা কর্মকর্তা সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে তদারকি করবেন।

উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরবর্তী নির্দেশনা অনুযায়ী আয়রন ফলিক এসিড (IFA) ট্যাবলেট খাওয়ানো কার্যক্রম শুরু করা হবে।

বিষয়টি অতীব জরুরি।

প্রফেসর ড. সৈয়দ মোঃ গোলাম ফারুক  
মহাপরিচালক

জেলা শিক্ষা অফিসার (সকল)  
উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)  
প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৩। পরিচালক (কলেজ ও প্রশাসন/প্রশিক্ষণ/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। লাইন ডিরেক্টর, জাতীয় পুষ্টিসেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা-১২১২।
- ০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৭। মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৮। অফিস কপি।